গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
চট্টগ্রাম কলেজ, চট্টগ্রাম।

তারিখ: ১২.০৬.২০২৪ খ্রি.

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেনীতে ১ম রিলিজ স্লিপ মেধাতালিকায় ভর্তি বিজ্ঞপ্তি

চট্টগ্রাম কলেজে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) শ্রেণিতে **১ম রিলিজ স্লিপ** মেধা তালিকায় মনোনীত ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, তাদেরকে আগামী ২৩.০৬.২০২৪ খ্রি. হতে ২৭.০৬.২০২৪ খ্রি. তারিখের সকাল ১০.০০টা হতে দুপুর ২.০০টা মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয় ও চট্টগ্রাম কলেজ ওয়েব সাইট হতে আবেদন ফরম সংগ্রহ করে মোবাইল ব্যাংকিং (বিকাশ/নগদ/উপায়/রকেট) অ্যাপসের মাধ্যমে টাকা জমা দিয়ে নিম্নে উল্লেখিত সকল কাগজ পত্র জমা দিয়ে স্ব-স্ব বিভাগে ভর্তির কার্যক্রম সম্পন্ন করতে হবে।

ভর্তির জন্য শিক্ষার্থীদের প্রতি নির্দেশনা :

১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের www.nu.ac.bd.admissions **Honours Tab Honours REGULAR Applicant Login** করে অনলাইনে পূরণকৃত চুড়ান্ত আবেদন ফরম ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

২। ভর্তি প্রক্রিয়া অংশ হিসেবে http://ctgcollege.eshiksabd,com লিংকে গিয়ে ইউজার আইডি: **ctgstudent** পাসওয়ার্ড: **ctgstudent** লগইন করে অনলাইনে ভর্তি ফরম পূরণ পূর্বক (আইসিটি অপশনে **NO** দিয়ে) ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।

৩। ভর্তি ফরমে উল্লেখিত ভর্তি ফি বিকাশ/নগদ/উপায়/রকেট অ্যাপসের মাধ্যমে জমা দিতে হবে।

৪। বিষয় ভিত্তিক ভর্তি ফি :

বাংলা,ইংরেজি,ইতিহাস,ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,দর্শন,ইসলামী শিক্ষা,অর্থনীতি,সমাজবিজ্ঞান ও রাষ্ট্রবিজ্ঞান	পদার্থবিজ্ঞান,রসায়নবিজ্ঞান, পরিসংখ্যান এবং ভূগোল ও পরিবেশ	উদ্ভিদবিজ্ঞান ও মনোবিজ্ঞান	প্রাণিবিজ্ঞান	গণিত
৫০১৫.০০	৫৭৮৫.০০	৫৭৩৫.০০	৫৬৮৫.০০	৫৮৩৫.০০

অমুসলিম ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে মসজিদ ফি ৫০/- কম দিতে হবে ।

৫। বেতন ও সেশন ফি পরিশোধের নিয়মাবলী:

উপায়/রকেট/বিকাশ/নগদ অ্যাপস লগইন করতে হবে

* উপায়/বিকাশ অ্যাপসে এডুকেশন ফি (**Education fee**) সিলেক্ট করতে হবে (সংযুক্তি দেখুন)।
* রকেট/ নগদ অ্যাপসে (**Pay Bill**) সিলেক্ট করতে হবে (সংযুক্তি দেখুন)।
* কলেজ ট্যাপ করে **Chittagong College** সিলেক্ট করতে হবে ।
* স্টুডেন্ট আইডি নম্বর এর জায়গায় ৭ ডিজিটের ভর্তি রোল নম্বর দিতে হবে।
* টাকার পরিমাণ চেক করে ফি পরিশোধ করতে হবে ।

৬। ভর্তি ফি জমাদান পূর্বক স্ব-স্ব বিভাগে নিম্নবর্ণিত কাগজপত্র জমাদিয়ে ভর্তি সম্পন্ন করতে হবে:

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের চুড়ান্ত আবেদন ফরম ও চট্টগ্রাম কলেজের অনলাইন ভর্তি ফরমের হার্ড কপি
- প্রাথমিক আবেদন ফরমের কপি (যা শিক্ষার্থীর নিকট সংরক্ষিত আছে)
- এস.এস সি ও এইচ এস সি পরীক্ষার নম্বর পত্র মূল কপি ১০ x ১৪ সাইজের বড় খামে বিভাগে জমা দিতে হবে।
- এস.এস সি ও এইচ এস সি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড, নম্বর পত্র ও প্রশংসা পত্রের ফটোকপি ০২ সেট ।
- ভর্তি ফি পরিশোধের পর প্রাপ্ত ডিজিটাল রিসিটের ৩ (তিন) কপি ।

সংশ্লিষ্ট বিভাগের করনিয় :

ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুসরণ পূর্বক তাঁর বিভাগের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে প্রচার এবং ১ম রিলিজ স্লিপ মেধা তালিকায় ভর্তিকৃত শিক্ষার্থীদের বিশ্ববিদ্যালয়ে চূড়ান্ত ভর্তি নিশ্চায়ন পূর্বক প্রিন্ট আউটের কপি আগামী ০১.০৭.২০২৪ খ্রি. তারিখ দুপুর ১.০০ ঘটিকার মধ্য স্ব-স্ব ভর্তি কমিটিকে জমা প্রদানের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল ।

প্রতিস্বাক্ষার :

১২.০৬.২৪
(প্রফেসর মোহাম্মদ মোজাহেদুল ইসলাম চৌধুরী)
আইডি নং-০০০০২৯৩২
অধ্যক্ষ
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম

১২.০৬.২৪
(সচ্চিদানন্দ পাল)
সহযোগী অধ্যাপক,ইংরেজী
ও
আহ্বায়ক
অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪
মানবিক
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম

(মহুয়া রানী সাহা)
সহযোগী অধ্যাপক,পরিসংখ্যান
ও
আহ্বায়ক
অনার্স ১মবর্ষ ভর্তি কমিটি-২০২৩-২০২৪
বিজ্ঞান
চট্টগ্রাম কলেজ,চট্টগ্রাম